মন্ত্রিপরিষদ সচিবের দপ্তর
☐ সর্বোচ্চ অগ্রাধিকার ☐ অতীব জরুরী ☐ জরুরী ☐ রুটিন
ডাইরি নং
তারিখ
☐ সচিব (সমন্বয় ও সংস্কার) ☐ উপস্থাপন করুন
☐ অতিরিক্ত সচিব ☐ নিষ্পত্তি করুন
☐ অতিরিক্ত সচিব (জেসমাস) ☐ আলোচনা করুন
☐ অতিরিক্ত সচিব (কমিটি) ☐ ব্যবস্থা নিন
☐ অতিরিক্ত সচিব (প্রশাসন/বিধি) ☐ প্রক্রিয়া করুন
☐ অতিরিক্ত সচিব (মসরি) ☐ নথিভুক্ত করুন
☐ একান্ত সচিব
☐
মন্ত্রিপরিষদ সচিবের স্বাক্ষর:

দুর্নীতি দমন কমিশন

ড. নাসিরউদ্দীন আহমেদ
কমিশনার (অনুসন্ধান)
দুর্নীতি দমন কমিশন
১ সেগুন বাগিচা, ঢাকা-১০০০
ফোন : ৮৮০ ২ ৮৩৩৩৩৫১
ফ্যাক্স : ৮৮০ ২ ৯৩৩৭০৩১
E-mail : ahmed.nasiruddin@gmail.com

ডি.ও নং-দুদক/কমিঃ(অনুঃ)/২০১৭/৪১ তারিখঃ ২৯ আগস্ট, ২০১৭

প্রিয় সহকর্মী,

সরকারি সেবা দানের ক্ষেত্রে স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিতকল্পে ও জনসাধারণের অংশগ্রহণের মাধ্যমে দুর্নীতি বিরোধী সমাজ প্রতিষ্ঠার লক্ষ্যে দুর্নীতি দমন কমিশন দুর্নীতি প্রতিরোধে দেশব্যাপী গণশুনানির আয়োজন করে থাকে। এ পর্যন্ত মোট ৬৪টি গণশুনানি অনুষ্ঠিত হয়েছে। গণশুনানিতে সরকারের বিভিন্ন বিভাগের সেবা প্রত্যাশী জনগণের সেবা প্রাপ্তিতে বিভিন্ন প্রকার অভিযোগ উত্থাপিত হয়ে থাকে। গণশুনানিসমূহের অভিজ্ঞতার আলোকে জনগণকে প্রদেয় সরকারের বিভিন্ন বিভাগের সেবার মান বৃদ্ধি ও নিশ্চিতকল্পে নিম্নোক্ত বিষয়সমূহ পালন করার জন্য জেলা প্রশাসনসহ সংশ্লিষ্ট অফিস প্রধানদের নির্দেশনা দেয়া প্রয়োজনঃ

১। হেল্প ডেস্ক সার্ভিসের উন্নয়ন;
২। জনগণের সাথে ভাল আচরণে উৎকর্ষতা সাধন;
৩। সরাসরি দপ্তর প্রধানের সাথে সেবাপ্রার্থীদের সাক্ষাতের ব্যবস্থা সহজীকরণ;
৪। তথ্য প্রদানকারী কর্মকর্তা নিয়োগপূর্বক তথ্য প্রদানকারী কর্মকর্তার নাম ও মোবাইল ফোন নম্বর দৃশ্যমান স্থানে টানিয়ে রাখার বিষয়টি আরো নিবিড়করণ;
৫। সিটিজেন চার্টারসহ দপ্তরের বিভিন্ন তথ্যাবলী নিয়মিত হালনাগাদ করে ওয়েবসাইটসহ ইউনিয়ন ও উপজেলা পর্যায়ের দৃশ্যমান স্থানে স্থাপন নিশ্চিতকরণ;
৬। ব্যাপক প্রচারণার মাধ্যমে জনগণের অধিক অংশগ্রহণ নিশ্চিত করে তথ্যমেলা ও সেবা সপ্তাহের নিয়মিত আয়োজনকরণ;
৭। ব্যাপক প্রচারণার মাধ্যমে অধিকসংখ্যক জনগণের অংশগ্রহণ নিশ্চিত করে নিয়মিতভাবে প্রতিসপ্তাহে গণশুনানি আয়োজন;
৮। দালালের হাত থেকে সেবাপ্রার্থীকে রক্ষার জন্য দপ্তরের সামনে প্রত্যেক কর্মকর্তা ও কর্মচারির নাম, পদবী, মোবাইল নাম্বার ও ছবি বিলবোর্ডে স্থাপন নিশ্চিতকরণ;
৯। প্রত্যেক কর্মকর্তা ও কর্মচারীর পরিচয়পত্র পরিধান বাধ্যতামূলককরণ;
১০। "The Touts Act, 1879" প্রয়োগের মাধ্যমে অফিসকে দালালমুক্ত করার ব্যবস্থা গ্রহণ;
১১। "আমি ও আমার অফিস দুর্নীতিমুক্ত" শীর্ষক ঘোষণা অফিস প্রধান কর্তৃক স্বাক্ষর করে দপ্তরের সামনে টানিয়ে রাখার ব্যবস্থা নিশ্চিতকরণ;
১২। সিটিজেন রিপোর্ট কার্ড প্রবর্তনপূর্বক তার ব্যবহার নিশ্চিতকরণ;
১৩। সেবার নতুন নতুন ক্ষেত্র উদ্ভাবন করে মোবাইল ফোন ও অনলাইনের মাধ্যমে সেবা সম্প্রসারণকরণ; এবং
১৪। উর্ধ্বতন পর্যায়ের কর্মকর্তাগণ কর্তৃক নিয়মিত অধঃস্তন অফিসসমূহের কার্যক্রম পরিদর্শন ও কার্যকর মনিটরিং নিশ্চিতকরণ।

উপর্যুক্ত বিষয়সমূহ মাঠ পর্যায়ে অনুসরণ করলে জনগণের হয়রানিমুক্ত সেবাপ্রাপ্তি নিশ্চিতের পাশাপাশি সরকারী দপ্তরসমূহে দুর্নীতি বহুলাংশে হ্রাস পাবে। এ লক্ষ্যে উপরোক্ত বিষয়সমূহ সরকারী অফিসসমূহে অনুসরণ ও বাস্তবায়নের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করছি।

শুভেচ্ছান্তে,

আন্তরিকভাবে আপনার,

ড. নাসিরউদ্দীন আহমেদ
কমিশনার ও চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)

জনাব মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

মন্ত্রিপরিষদ বিভাগ
জেলা ম্যাজিস্ট্রেসী নীতি শাখা
ডাইরী নং ৬০৫
তারিখ ৩০/৮/১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
জেলা ম্যাজিস্ট্রেসি নীতি শাখা
(www.cabinet.gov.bd)

স্মারক নম্বর-০৪.০০.০০০.৫২১.৩৫.০৮৯.১৭-৭৮৮

তারিখ- ১৬ ভাদ্র ১৪২৪ / ৩১ আগস্ট ২০১৭

বিষয়: সরকারের বিভিন্ন বিভাগের সেবার মান বৃদ্ধি ও নিশ্চিতকল্পে দুর্নীতি দমন কমিশনের সুপারিশসমূহ বাস্তবায়ন সংক্রান্ত।

সূত্র: দুর্নীতি দমন কমিশনের আধাসরকারি পত্র নম্বর-দুদক/(কমি)/(অনু:)/২০১৭/৪১ তারিখ: ২৯ আগস্ট ২০১৭

উপর্যুক্ত বিষয়ে দুর্নীতি দমন কমিশনের কমিশনার (অনুসন্ধান) কর্তৃক মন্ত্রিপরিষদ সচিব মহোদয় বরাবর প্রেরিত আধাসরকারি পত্রের চিত্রপ্রতিলিপি এইসঙ্গে প্রেরণ করা হল। উক্ত পত্রে জনগণকে প্রদেয় সরকারের বিভিন্ন বিভাগে সেবার মান বৃদ্ধি ও নিশ্চিতকল্পে ১৪টি বিষয়ে জেলা প্রশাসনসহ সংশ্লিষ্ট অফিস প্রধানদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে।

০২। এমতাবস্থায়, দুর্নীতি দমন কমিশন হতে প্রাপ্ত সূত্রস্থ আধাসরকারি পত্রে উল্লিখিত ১৪টি প্রস্তাব/সুপারিশসমূহের বিষয়ে তাঁর আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তর/পরিদপ্তর/সংস্থাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান এবং তা বাস্তবায়ন/অনুসরণের উদ্যোগ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্ত: এক পাতা।

(মাহ্‌ফুজা বেগম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৬৬৪৪৬
e-mail: cpo_sec@cabinet.gov.bd

বিতরণ:

১। সিনিয়র সচিব/সচিব
------------------- মন্ত্রণালয়/বিভাগ (সকল)।
২। কমিশনার ------------------ বিভাগ (সকল)।
৩। জেলা প্রশাসক --------------------- (সকল)।

অনুলিপি:

সচিব, দুর্নীতি দমন কমিশন, সেগুনবাগিচা, ঢাকা।

D:\Crimpoly MZ ( 061016)\JMANI-12\Budget/Update budget letter

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
(অভ্যন্তরীণ প্রশাসন-১ শাখা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mofood.gov.bd

নং-১৩.০০.০০০০.০১৩.১৮.০০২.১১-

০৫ আশ্বিন ১৪২৪
তারিখঃ
২০ সেপ্টেম্বর ২০১৭

**বিষয়ঃ সরকারের বিভিন্ন বিভাগের সেবার মান বৃদ্ধি ও নিশ্চিতকল্পে দুর্নীতি দমন কমিশনের সুপারিশসমূহ বাস্তবায়ন।**

উপর্যুক্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ৩১/০৮/২০১৭ তারিখের ০৪.০০.০০০০.৫২১.৩৫.০৮৯.১৭-৭৮৮ নং বিবেচ্য পত্রের ছায়ালিপি এ সাথে প্রেরণ করা হলো। উক্ত পত্রের আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ০২ (দুই) পাতা।

(সালমা মমতাজ)
যুগ্মসচিব
ফোন-৯৫৪৯০৯৬
email: dsadmin1@mofood.gov.bd

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
২। চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, ৭১-৭২ ইস্কাটন গার্ডেন রোড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৩। যুগ্মসচিব (সকল), খাদ্য মন্ত্রণালয়।
৪। মহাপরিচালক, এফপিএমইউ, খাদ্য মন্ত্রণালয়।
৫। অতিরিক্ত সচিব (প্রশাসন/পরিকল্পনা ও উন্নয়ন/সংগ্রহ ও সরবরাহ) এর ব্যক্তিগত কর্মকর্তা, খাদ্য মন্ত্রণালয়।
৬। অফিস কপি।

D/ Titu Order/ Endose

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর,
প্রশাসন বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।
www.dgfood.gov.bd

স্মারক নং- ১৩.০১.০০০০.০৩১.৩২.০১৭.১৭. ২৮২২ (৩২) তারিখঃ ০২/১০/২০১৭ খ্রি.।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৩-৯। পরিচালক, প্রশাসন/ হিসাব ও অর্থ/ সরবি/ চসসা/ পউকা/ সংগ্রহ/ প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
১০। প্রধান মিলার, পোস্তগোলা সরকারী আধুনিক ময়দা মিল, ঢাকা।
১১-১৭। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।
১৮-১৯। অতিরিক্ত পরিচালক, এম আই এস এন্ড এম/ অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২০। প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।
২১-২৬। সাইলো অধিক্ষক, নারায়নগঞ্জ/ চট্টগ্রাম/ আশুগঞ্জ, বি-বাড়িয়া/ সান্তাহার, বগুড়া/ খুলনা স্টীল সাইলো, খুলনা/মোংলা সাইলো, বাগেরহাট।
২৭। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, ঢাকা।
২৯-৩০। উপ-পরিচালক (তদন্ত ও মামলা/পিপিটি), প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৩১। অফিস কপি।
৩২। মাস্টার কপি।

২/১০/১৭

সংযুক্তঃ ০২ (দুই) পাতা।

(মামুন আল মোর্শেদ চৌধুরী)
উপ-পরিচালক (সংস্থাপন)
ফোন-৯৫৬১২০৯
dd.est@dgfood.gov.bd